গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, মৌলভীবাজার পওর বিভাগ

এবং

তত্তাবধায়ক প্রকৌশলী, মৌলভীবাজার পওর সার্কেল-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র


জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বন্যার ক্ষয়ক্ষতি হতে দেশের জনসাধারণের জানমাল রক্ষা ও খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বন্যা নিয়ন্ত্রণ, নদী ভাঙ্গনরোধ, নদী ড্রেজিং, সেচ ব্যবস্থাপনা উন্নয়ন, জলাবদ্ধতা দূরীকরণ, ভূমি পুনঃরুদ্ধার ও আগাম বন্যা হতে হাওরের একমাত্র বোরো ফসল রক্ষার কাজ করছে। ২০২০-২১, ২০২১-২২, ২০২২-২৩ অর্থ বছরে মৌলভীবাজার পওর বিভাগ কর্তৃক "মনু নদীর ভাঙ্গন হতে মৌলভীবাজার সদর, রাজনগর ও কুলাউড়া উপজেলা রক্ষা" শীর্ষক প্রকল্পের আওতায় ৭.০০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ, ১২.০০০ কিঃমিঃ বাঁধ পুনরাকৃতিকরণ, ৫.০০০ কিঃমিঃ নদী এক্সকাভেটরের মাধ্যমে পুনঃখনন, ০.১০০ কিঃমিঃ ফ্লাড ওয়াল নির্মাণ ও ৩.৭৫০ কিঃমিঃ বৃক্ষরোপন এবং পরিচালন বাজেটের আওতায় ০.১১৪ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ, ৭.৫০০ কিঃমিঃ বাঁধ পুনরাকৃতিকরণ, ৫৫.০০ কিঃমিঃ সেচ খাল পুনঃখনন, ১১৩ টি সেচ কাঠামো পুনঃনির্মাণ, ২১.৭৩৬ কিঃমিঃ ডুবন্ত বাঁধ নির্মাণ/পুনঃনির্মাণ/মেরামত/পুনরাকৃতিকরণ এবং ৯.২৫০ কিঃমিঃ বৃক্ষরোপন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

মৌলভীবাজার পওর বিভাগের আওতায় ১ (এক) টি এডিপিভূক্ত প্রকল্পের কাজ চলমান আছে। প্রকল্পটির বাস্তবায়ন করতে গিয়ে নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। এর মধ্যে প্রধান সমস্যা হলো ভূমি অধিগ্রহণের সমস্যা। তাছাড়া ভূ-প্রাকৃতিক অবস্থান ও জলবায়ু পরিবর্তনের কারণে ভৌত কাজ টেকসই করা কঠিন। শুষ্ক মৌসুমে উজানে পানি প্রবাহ বাঁধাগ্রস্থ হওয়ায় পানির স্তর ক্রমাবনতি ও আকষ্মিক বন্যার কারণে বাস্তবায়িত কাজ আংশিক বা সম্পূর্ণ ক্ষতিগ্রস্থ হয়। এর ফলে মানুষের মধ্যে বিরুপ মনোভাব সৃষ্টি হয়। অনেক সময় পুনঃখননকৃত নদী উজান থেকে নেমে আসা পলি দ্বারা সহজেই ভরাট হয়ে যায়। নদী মাতৃক দেশ হওয়া সত্ত্বেও বর্ষা মৌসুমে পানির আধিক্য এবং শুষ্ক মৌসুমে পানির দুষ্প্রাপ্যতা বাংলাদেশের প্রকৃত বাস্তবতা। আবার প্রকৃতিগতভাবে বাংলাদেশের নদীতে পলি জমার কারণে নদীর তলদেশ ভরাট হয়ে নদীর পানি ধারণ ক্ষমতা হ্রাস পায়। ফলে বর্ষা মৌসুমে উজান থেকে অতিরিক্ত পানি প্রবাহের কারণে নদী তীরে ভাঙ্গন এবং তীরবর্তী এলাকায় বন্যা দেখা দেয়। ভারত থেকে পাহাড়ী ঢলে নেমে আসা ব্যাপক জলরাশি দ্রুত নিষ্কাশন হতে পারে না এবং নদীর পানি সমতল বৃদ্ধি পেয়ে হাওরের ডুবন্ত বাঁধ উপচে হাওরের ভিতরে পানি প্রবেশে করায়, আগাম বন্যায় প্রায়শ হাওরাঞ্চলের ফসল ক্ষতগ্রিস্ত হয়। অন্যান্য সেক্টরে সারা বছর কাজ করার সুযোগ থাকলে পানি সম্পদ সেক্টরে অক্টোবর মাসে বন্যার পানি কমার পর হতে শুরু করে নভেম্বর-এপ্রিল মাত্র ৬ (ছয়) মাস সর্বোচ্চ পাওয়া যায় কাজ সম্পাদনের জন্য। এই অতি সীমিত সময়কালের মধ্যে প্রাকৃতিক দূর্যোগ, পাহাড়ী ঢল বিবিধ সমস্যার উত্তরণ করে টেকসই ভৌতকাজ বাস্তবায়ন এ সেক্টরের প্রধান চ্যালেঞ্জ। সামষ্টিকভাবে অত্রাঞ্চলের ছোট-বড় সকল নদ-নদীসমূহ খননের মাধ্যমে পানি ধারন ক্ষমতা বৃদ্ধি তথা বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন রোধ এবং সর্বোপরি নদ-নদীসমূহকে জীবিত রেখে সর্বোচ্চ সুফল ভোগের ব্যবস্থাকরণ বর্তমান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

মৌলভীবাজার পওর বিভাগের আওতাধীন মৌলভীবাজার জেলার ৩ টি উপজেলায় "মনু নদীর ভাঙ্গন হতে মৌলভীবাজার সদর, রাজনগর ও কুলাউড়া উপজেলা রক্ষা" শীর্ষক প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। অধিক্ষেত্রের সবচেয়ে ভাঙ্গনপ্রবন হলো মনু, ধলাই ও কুশিয়ারা নদী। "ধলাই নদীর ভাঙ্গন হতে মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলা ও তৎসংলগ্ন শহর এলাকা প্রতিরক্ষা" শীর্ষক প্রকল্পের ডিপিপি দাখিল প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও "হাইল হাওর সেচ প্রকল্প" ও "মনু নদী সেচ প্রকল্পের পুনর্বাসনি" শীর্ষক দুইটি প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত সম্ভাব্যতা সমীক্ষা প্রক্রিয়াধীন রয়েছে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- এডিপি বাজেটের আওতায় বাঁধ পুনঃনির্মাণ/মেরামত/পুনরাকৃতিকরণ কাজ ১৫.০০০ কিঃমিঃ, নদী তীর সংরক্ষণ কাজ ৪.০০০ কিঃমিঃ, এক্সাভেটরের মাধ্যমে নদী পুনঃখনন কাজ ৩.০০০ কিঃমিঃ এবং বৃক্ষরোপন ১.০০০ কিঃমিঃ। পরিচালন বাজেটের আওতায় ডুবন্ত বাঁধ নির্মাণ/পুনঃনির্মাণ/মেরামত/পুনরাকৃতিকরণ ৬.০০০ কিঃমিঃ, সেচ খাল খনন/পুনঃখনন ২০.০০০ কিঃমিঃ এবং বৃক্ষরোপন ০.৫০০ কিঃমিঃ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, মৌলভীবাজার পওর বিভাগ

এবং

তত্তাবধায়ক প্রকৌশলী, মৌলভীবাজার পওর সার্কেল-এর মধ্যে ২০২৩ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদের সুষম ও সমন্বিতপানি ব্যবস্থাপনার মাধ্যমে জনগনের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. নদীর নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ;

২. সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন;

৩. হাওর অঞ্চলের উন্নয়ন;

৪. পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন এবং অন্যান্য;

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গান প্রতিরোধের ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা সংক্রান্ত কার্যক্রম;

২. বন্যা পূর্বাভাস এবং সতর্কীকরণ, বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়ক্ষতি নিরূপন সম্পর্কিত কার্যক্রম;

৩. নদীর অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ স্থাপনাসমূহ সম্পর্কে মৌলিক ও প্রায়োগিত গবেষণা এবং হাইড্রোলজিক্যাল জরিপ ও উপাত্ত সংগ্রহ সংক্রান্ত কার্যক্রম;

৪. বন্যা নিয়ন্ত্রণ এবং পানি সম্পদ উন্নয়নের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা প্রাপ্তি সম্পর্কিত কার্যাবলি;

৫. খাল খনন ও রক্ষণাবেক্ষণ এবং খাল খনন কর্মসূচীর আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ;

৬. ভূমি সংরক্ষণ ও পুনরুদ্ধার, পানি নিষ্কাশন এবং জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ক কার্যাবলি;

৭. পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাঁধ ও ব্যারেজ নির্মাণ বিষয়ক কার্যাবলি; এবং

৮. নদীসমূহের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, ভাঙ্গানরোধের লক্ষ্যে নদী ড্রেজিং।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| বন্যা ঝুঁকি হ্রাস | ১১০ লক্ষ হেক্টরবন্যামুক্ত ও পানি নিষ্কাশন এলাকার কভারেজ (ক্রমপুঞ্জিভূত) (মৌলভীবাজার পওর বিভাগের আওতায় ২.৭০ লক্ষ হেক্টর) | শতাংশ | ৫৯.৯০ | ৬০.২৫ | ৬০.৫৫ | ৬০.৮৫ | ৬১.৩৫ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| সেচ এলাকা এবং শস্য নিভিরতা বৃদ্ধি | ১.৬১ লক্ষ হেক্টরসেচ এলাকা এবং শস্য নিভিড়তার কভারেজ (ক্রমপুঞ্জিভূত) (মৌলভীবাজার পওর বিভাগের আওতায় ০.১২ লক্ষ হেক্টর) | শতাংশ | ৬০.৯৭ | ৬১.২৮ | ৬১.৭৮ | ৬২.০৮ | ৬২.৫৮ | কৃষি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| আগাম বন্যা মুক্ত হাওর এলাকা | ১২.০০ লক্ষ হেক্টর জমিতে আগাম বন্যা মুক্ত হাওর এলাকা কভারেজ (ক্রমপুঞ্জিভূত) (মৌলভীবাজার পওর বিভাগের আওতায় ০.২৮ লক্ষ হেক্টর) | শতাংশ | ১১.৫৫ | ১১.৬০ | ১১.৬৫ | ১১.৭০ | ১১.৭৫ | কৃষি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] নদীর নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ; | ৪০ | [১.১] বাঁধের মাধ্যমে বন্যা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | [১.১.১] বাঁধ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ | সমষ্টি | কিঃমিঃ | ১৫ | ৭.৫০০ | ১২.০০০ | ১৫.০০০ | ১৩.৫০০ | ১২.০০০ | ১০.৫০০ | ৯.০০০ | ২০.০০০ | ২৫.০০০ |
| | | [১.২] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.২.১] নদী তীর সংরক্ষণ | সমষ্টি | কিঃমিঃ | ১৮ | ৩.০০০ | ৪.০০০ | ৪.০০০ | ৩.৬০০ | ৩.২০০ | ২.৮০০ | ২.৪০০ | ৬.০০০ | ৮.০০০ |
| | | [১.৩] নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | [১.৩.১] এক্সকাভেটরের মাধ্যমে নদী পুনঃখনন | সমষ্টি | কিঃমিঃ | ৭ | ০.০০০ | ৫.০০০ | ৩.০০০ | ২.৭০০ | ২.৪০০ | ২.১০০ | ১.৮০০ | ৪.০০০ | ৫.০০০ |
| [২] সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন; | ১৮ | [২.১] ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ | [২.১.১] সেচ খাল খনন/পুনঃখনন | সমষ্টি | কিঃমিঃ | ১৮ | ৪০.০০০ | ১৫.০০০ | ২০.০০০ | ১৮.০০০ | ১৬.০০০ | ১৪.০০০ | ১২.০০০ | ২৫ | ৩০ |
| [৩] হাওর অঞ্চলের উন্নয়ন; | ১০ | [৩.১] পরিচালন বাজেটে কাবিটা প্রকল্পের মাধ্যমে আগাম বন্যায় হাওরে ফসলহানি রোধ | [৩.১.১] ডুবন্ত বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ | সমষ্টি | কিঃমিঃ | ১০ | ৪.২৬৬ | ১০.৫১০ | ৬.০০০ | ৫.৪০০ | ৪.৮০০ | ৪.২০০ | ৩.৬০০ | ৮ | ১০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৪] পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন এবং অন্যান্য; | ২ | [৪.১] দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণের মাধ্যমে সবুজায়ন | [৪.১.১] বৃক্ষরোপণের সংখ্যা | সমষ্টি | কি.মি. | ২ | ৩.০০০ | ১০.০০০ | ১.৫০০ | ১.৩৫০ | ১.২০০ | ১.০৫০ | ০.৯০০ | ২.৫০০ | ৪.০০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, নির্বাহী প্রকৌশলী, মৌলভীবাজার পওর বিভাগ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মৌলভীবাজার পওর সার্কেল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মৌলভীবাজার পওর সার্কেল হিসাবে নির্বাহী প্রকৌশলী, মৌলভীবাজার পওর বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

নির্বাহী প্রকৌশলী
মৌলভীবাজার পওর বিভাগ

তারিখ

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মৌলভীবাজার পওর সার্কেল

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এডিপি | এনুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ২ | ওয়ারপো | ওয়াটার রিসোর্সেস প্লানিং অর্গানাইজেশন |
| ৩ | জেআরসি | জয়েন্ট রিভার কমিশন |
| ৪ | নগই | নদী গবেষনা ইনিস্টিটিউট |
| ৫ | বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| ৬ | বাহাজউঅ | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর |
| ৭ | সিডিএসপি | চর ডেভেলপমেন্ট ও সেটেলমেন্ট প্রকল্প |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] বাঁধের মাধ্যমে বন্যা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | [১.১.১] বাঁধ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ | মৌলভীবাজার পওর বিভাগ, বাপাউবো,মৌলভীবাজার | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী |
| [১.২] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.২.১] নদী তীর সংরক্ষণ | মৌলভীবাজার পওর বিভাগ, বাপাউবো,মৌলভীবাজার | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী |
| [১.৩] নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | [১.৩.১] এক্সকাভেটরের মাধ্যমে নদী পুনঃখনন | মৌলভীবাজার পওর বিভাগ, বাপাউবো,মৌলভীবাজার | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী |
| [২.১] ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ | [২.১.১] সেচ খাল খনন/পুনঃখনন | মৌলভীবাজার পওর বিভাগ, বাপাউবো,মৌলভীবাজার | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| [৩.১] পরিচালন বাজেটে কাবিটা প্রকল্পের মাধ্যমে আগাম বন্যায় হাওরে ফসলহানি রোধ | [৩.১.১] ডুবন্ত বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ | মৌলভীবাজার পওর বিভাগ, বাপাউবো,মৌলভীবাজার | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| [৪.১] দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণের মাধ্যমে সবুজায়ন | [৪.১.১] বৃক্ষরোপণের সংখ্যা | মৌলভীবাজার পওর বিভাগ, বাপাউবো,মৌলভীবাজার | এডিপি বাজেটের আওতায় সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী এবং পরিচালন বাজেটের আওতায় সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বাঁধের মাধ্যমে বন্যা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | বাঁধ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ | ভূমি মন্ত্রণালয় | জেলা প্রশাসনের সহযোগিতায় যৌথভাবে জরীপ করে ভূমি অধিগ্রহণ করার জন্য প্রস্তাবনা ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। |
| নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | নদী তীর সংরক্ষণ | ভূমি মন্ত্রণালয় | জেলা প্রশাসনের সহযোগিতায় যৌথভাবে জরীপ করে ভূমি অধিগ্রহণ করার জন্য প্রস্তাবনা ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। |
| নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | এক্সকাভেটরের মাধ্যমে নদী পুনঃখনন | জনপ্রশাসন মন্ত্রণালয় | জেলা প্রশাসনের সহযোগিতায় ম্যাজিস্ট্রেটের মাধ্যমে অভিযান পরিচালনা করে অবৈধ দখল উচ্ছেদ করা হয় |
| ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ | সেচ খাল খনন/পুনঃখনন | জনপ্রশাসন মন্ত্রণালয় | জেলা প্রশাসনের সহযোগিতায় ম্যাজিস্ট্রেটের মাধ্যমে অভিযান পরিচালনা করে অবৈধ দখল উচ্ছেদ করা হয় |
| পরিচালন বাজেটে কাবিটা প্রকল্পের মাধ্যমে আগাম বন্যায় হাওরে ফসলহানি রোধ | ডুবন্ত বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ | জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার | জেলা কাবিটা কমিটির সভাপতি হিসেবে হাওরের ডুবন্ত নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ কাজ বাস্তবায়নের জন্য পিআইসি কমিটি গঠন করা হয়। |
| দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণের মাধ্যমে সবুজায়ন | বৃক্ষরোপণের সংখ্যা | জনপ্রশাসন মন্ত্রণালয় | জেলা প্রশাসনের সহযোগিতায় ম্যাজিস্ট্রেটের মাধ্যমে অভিযান পরিচালনা করে অবৈধ দখল উচ্ছেদ করা হয় |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ